# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একমাত্র সরকারি কোম্পানি)
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.boesl.gov.bd

স্মারক নং-৪৯.০২.০০০০.০০৬.০১.০০৮.১৮-৪৫ তারিখ: ০৩.০৩.২০২৬

## স্পেশাল ইউবিটি ২০২৬-এর *নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি*

*(দক্ষিণ কোরিয়া থেকে ফেরত নিম্নবর্ণিত* **৯৩৬** *জন প্রার্থী নিবন্ধনের সুযোগ আছে)*

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, এইচআরডি কোরিয়া থেকে প্রাপ্ত নিম্নবর্ণিত প্রার্থীদের কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের জন্য স্পেশাল ইপিএস টপিক ইউবিটি'তে নিবন্ধনের সুযোগ রয়েছে। আগ্রহী প্রার্থীদের আগামী ১০ মার্চ ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা থেকে ১১ মার্চ ২০২৬ বিকাল ৩:০০ টার মধ্যে নির্ধারিত অনলাইনে https://brms.boesl.gov.bd পোর্টাল-এ নিবন্ধন করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর নিবন্ধন করা যাবে না। প্রাথমিক নিবন্ধনকালীন সময়ে ১ম ধাপে **প্রার্থীর Personal Information উল্লেখিত তথ্য পুরণ পূর্বক পাসপোর্ট সাইজের ছবি আপলোড করতে হবে, ২য় ধাপে Passport Details ফরম-এ তথ্য পুরণ পূর্বক পাসপোর্ট কপি আপলোড করতে হবে, ৩য় ধাপে Work Experience উল্লেখিত তথ্য পুরণ পূর্বক এইচআরডি কোরিয়া প্রদত্ত ৫ নং পেজে স্পেশাল ইউবিটি ফরম স্বহস্তে পুরণ করে PDF ফাইল (সর্বোচ্চ ১ এমবি সাইজ) আপলোড করতে হবে, ৪র্থ ধাপে Family Details তথ্য পুরণ করে** নিবন্ধন সম্পন্ন করতে হবে। **প্রাথমিক** নিবন্ধন সম্পন্ন শেষে এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত ফি ২৮ মার্কিন ডলার সমপরিমাণ বাংলাদেশি টাকা ৩,৪১৬/- (তিন হাজার চারশত ষোল) টাকা + বোয়েসেল নিবন্ধন ফি ৫০০/- (পাঁচশ) টাকা মোট ৩,৯১৬/-(তিন হাজার নয়শত ষোল) মোবাইল ব্যাংকি চার্জসহ (অফেরতযোগ্য) পরিশোধ করে চুড়ান্ত নিবন্ধন সম্পন্ন করতে হবে।

**প্রত্যেক আবেদনকারীকে নিবন্ধনকালীন নিজ ইমেইল আইডি প্রদানের জন্য অনুরোধ করা হলো। এইচআরডি কোরিয়ার ডাটাবেইজ সার্ভারে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন সাপেক্ষে প্রদত্ত ইমেইলে প্রবেশপত্র প্রেরণ করা হবে।**

২/

**২.১ /(এইচআরডি কোরিয়া থেকে প্রাপ্ত প্রকাশিত তালিকা সংযুক্ত করা হয়েছে)/**

***২.২/ রি-সেটেলমেন্ট প্রার্থীদের চূড়ান্ত নিবন্ধন:*** *এইচআরডি কোরিয়া কর্তৃক পরিচালিত রি-সেটেলমেন্ট সাপোর্ট প্রোগ্রামে অংশগ্রহণকৃত প্রার্থীদের নিবন্ধন ফি ব্যতীত কোরীয় ভাষা পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে স্পেশাল ইপিএস টপিক ইউবিটি তে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করার সুযোগ* **রয়েছে।** ***এসকল প্রার্থীদের বোয়েসেল অফিসে উপস্থিত হয়ে নিবন্ধন করা জন্য অনুরোধ করা হলো। ফি ৫০০/- (পাঁচশ) টাকা মোবাইল ব্যাংকি চার্জসহ (অফেরতযোগ্য) পরিশোধ করে চুড়ান্ত নিবন্ধন সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে এইচআরডি কোরিয়া থেকে রি-সেটেলমেন্ট প্রার্থীদের তালিকা পাওয়ার পর তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।*** *এসকল প্রার্থীদের বোয়েসেল ওয়েবসাইটে উল্লেখিত পয়েন্ট-এর তথ্যসহ ৬ নং পেইজে উল্লিখিত* Application for Test fee Exemption and Additional point from'টি পূরণপূর্বক আবেদন এ সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, Application for Test fee Exemption and Additional point ফর্মটি পূরণপূর্বক সংযুক্ত করতে কোনো প্রার্থী ব্যর্থ হলে তার নিবন্ধন বাতিল বলে গণ্য হবে।

*২.৩/ এইচআরডি কোরিয়া পরিচালিত রি-সেটেলমেন্ট সাপোর্ট প্রোগ্রামে অংশগ্রহণকৃত প্রার্থীদের সুবিধাসমূহ*

| সাল | রি-সেটেলমেন্ট সাপোর্ট ট্রেনিং প্রোগ্রাম (সর্বোচ্চ ২৫পয়েন্টস) | | |
|---|---|---|---|
| | টপিক লেভেল গ্রী কোর্স (সর্বোচ্চ ২০পয়েন্টস) | | জব স্কিল ট্রেনিং (সর্বোচ্চচ ৫ পয়েন্টস) |
| | কোর্স সমাপন | ন্যুনতম লেভেল গ্রী প্রাপ্ত প্রার্থী | কোর্স সমাপন |
| ২০১৬ | - | অতিরিক্ত পয়েন্টস (২০ পয়েন্টস) রেজিস্ট্রেশন ফি মওকুফ | অতিরিক্ত পয়েন্টস (৫ পয়েন্টস) রেজিস্ট্রেশন ফি মওকুফ |
| ২০১৭ থেকে | অতিরিক্ত পয়েন্টস (৫ পয়েন্টস) রেজিস্ট্রেশন ফি মওকুফ | | |

***※ কোরিয়াতে রিসেটেলমেন্ট সাপোর্ট প্রোগ্রাম সমাপন করে থাকলে এপ্লিকেশন ফর্ম ও সার্টিফিকেট জমা দিন(এটাচমেন্ট দেখুন)***
***※ যাদের ন্যূনতম টপিক গ্রী লেভেল আছে তারা শুধু টপিক সার্টিফিকেট নয়, টপিক কোর্স সমাপনী সার্টিফিকেটও জমা দিতে হবে।***

- ***সিজনাল কাজের পর প্রত্যাবর্তন*** **(১০ পয়েন্টস)- রেজিস্ট্রেশন ফি দিতে হবে।**
- **কোম্পানি হতে ইউটার্ন কর্মী টপিক লেভেল ন্যুনতম গ্রী (সর্বোচ্চ ২০পয়েন্টস)- রেজিস্ট্রেশন ফি দিতে হবে**

**৩। পরীক্ষার তফসিল**

| নিবন্ধন | পরীক্ষার তারিখ ঘোষণা | পরীক্ষার তারিখ | ফলাফল ঘোষণা | আবেদনকারীর জন্ম তারিখ |
|---|---|---|---|---|
| আগামী ১০ মার্চ ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ১১ মার্চ ২০২৬ *বিকাল ৩:০০ টা পর্যন্ত* | ৩০ এপ্রিল ২০২৬ | ৮ মে ২০২৬ | ৮ জুন ২০২৬ | *১১ মার্চ ১৯৮৬* হতে *১০ মার্চ ২০০৮ (বয়স: ১৮-৩৯)* |

৪। **নিবন্ধনের যোগ্যতা:**

৪.১। পূনঃ নিয়োগপ্রাপ্ত (রি-এমপ্লয়েড) হওয়ার পর ভিসার মেয়াদের ভেতর স্বদেশে স্বেচ্ছায় ফেরত এসেছে (০১.০১.২০১০ এর পর) এমন ব্যক্তি (তালিকা সংযুক্ত)

৪.২। বয়স সীমা ১৮ থেকে ৩৯ বছর;

৪.৩। পাসপোর্ট-এর মেয়াদ হালনাগাদ থাকতে হবে;

৪.৪। মাদকাসক্ত/সিফিলিস শনাক্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;

৪.৫। ফৌজদারি অপরাধে জেল বা অন্য কোনো শাস্তিপ্রাপ্ত ব্যক্তি অযোগ্য বলে বিবেচিত হবেন;

৪.৬। দক্ষিণ কোরিয়ায় অবৈধ অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;

৪.৭। দেশ ত্যাগে নিষেধাজ্ঞা আছে এমন ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন এবং

৪.৮। ই-৯ বা ই-১০ ভিসায় কোরিয়াতে ৫ বছরের বেশি অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন।

৪.৯। ইমিগ্রেশন আইন (নভেম্বর ২০১৭) সংশোধনের পূর্বে কোরিয়া ত্যাগ করেছে এমন ব্যক্তি ৫ বছর বা ততোধিক কাল কোরিয়ায় বাস করে থাকলেও সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকায় নাম থাকতে পারে, তবে এ সব ব্যক্তি নিবন্ধনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৫। **নিবন্ধনের শর্ত:**

৫.১। পাসপোর্ট সাইজের সাদা ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি {Picture Pixel Dimensions: 270 X 350 Pixels 15 KB (maximum), JPEG format} নিবন্ধনের সময় আপলোড করতে হবে (নির্ধারিত ফরমেটে ছবি তৈরী করতে পাসপোর্ট ও ছবি তৈরির নমুনা অনুসরণ করুন)।

৫.২। পাসপোর্ট-এর ছবিযুক্ত ডাটাপেইজ-এর রঙিন স্ক্যান কপি {Passport Pixel Dimensions: 600 X 400 Pixels, Size: 45-60 KB (maximum), JPEG format} নিবন্ধনের সময় আপলোড করতে হবে (নির্ধারিত ফরমেটে পাসপোর্ট তৈরি করতে পাসপোর্ট ও ছবি তৈরীর নমুনা অনুসরণ করুন)।

৫.৩। SPECIAL EPS-TOPIK UBT-এর বিজ্ঞপ্তির ৪ নং-এ বর্ণিত পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা থাকতে হবে।

৫.৪। পাসপোর্ট সাইজের সদ্যতোলা ছবি অথবা তিন মাসের মধ্যে তোলা ছবি নিবন্ধনের সময় আপলোড করতে হবে।

৬। **নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা:**

পাসপোর্ট ও ছবি তৈরীর নমুনা, **নিবন্ধন ফরম** লিংকে সংযুক্ত।

৭। **ইন্ডাস্ট্রি :** ম্যানুফেকচারিং কনস্ট্রাকশন ,ফিশারিজ ,

**দেশে ফেরত আসার অব্যবহিত পূর্বের কোম্পানিতে যেতে চাইলে (ন্যূনতম ১বছর এ কোম্পানিতে কাজ করে থাকলে) সে ইন্ডাস্ট্রি পছন্দ করতে হবে। সুতরাং ইন্ডাস্ট্রি পছন্দ করার সময় সাবধানতা অবলম্বন করতে হবে।**

৮। **উত্তীর্ণ প্রার্থীর (সম্ভাব্য) সংখ্যা:** এইচআরডি কোরিয়া কর্তৃক পরবর্তীতে ঘোষণা করা হবে

পূর্ণমান ২০০'র মধ্যে ১২০ নম্বর-এর বেশি প্রাপ্তদের ভেতর থেকে সর্বোচ্চ নম্বরের ক্রমানুযায়ী (মেধা তালিকার ভিত্তিতে) পূর্ব নির্ধারিত সংখ্যক পরীক্ষার্থীকে উত্তীর্ণ করানো হবে।

৯। **পরীক্ষা কেন্দ্র ও পরীক্ষার্থী ভিত্তিক পরীক্ষার তারিখ ঘোষণা**

৯.১। পরীক্ষা কেন্দ্রঃ ইপিএস-টপিক ইউবিটি সেন্টার

৯.২। ঠিকানাঃ ৭ম তলা ও M ফ্লোর, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ (বোয়েসেল যে বিল্ডিংয়ে অবস্থিত);

৯.৩। ইপিএস টপিক ওয়েব সাইট http://www.epstopik.hrdkorea.or.kr

৯.৪। বোয়েসেল নোটিশ বোর্ড ও ওয়েবসাইট www.boesl.gov.bd

১০. **পরীক্ষার সময়কাল ও মানবন্টন:**

| **প্রশ্নের ধরন** | **প্রশ্নের সংখ্যা** | **মোট নম্বর** | **সময়** |
|---|---|---|---|
| রিডিং | ২০ | ১০০ | ২৫মিনিট |
| লিসেনিং | ২০ | ১০০ | ২৫মিনিট |
| মোট | ৪০ | ২০০ | ৫০মিনিট |

১১। **পরীক্ষার সময়কাল**

| সেশন | পরীক্ষার্থী আইডেন্টিটি চেক (বোয়েসেল ব্রিফিং রুম) | পরীক্ষার্থী প্রশিক্ষণ | পরীক্ষা | |
|---|---|---|---|---|
| | | | রিডিং (২৫মিনিট) | লিসেনিং (২৫মিনিট) |
| ১ম সেশন | 08:50~09:00 | 09:00~09:30 | 09:30~09:55 | 09:55~10:20 |
| ২য় সেশন | 10:20~10:30 | 10:30~11:00 | 11:00~11:25 | 11:25~11:50 |
| ৩য় সেশন | 12:50~13:00 | 13:00~13:30 | 13:30~13:55 | 13:55~14:20 |

| ৪র্থ সেশন | 14:20~14:30 | 14:30~15:00 | 15:00~15:25 | 15:25~15:50 |
|---|---|---|---|---|

- **প্রত্যেক পরীক্ষার্থীকে নির্ধারিত সময়সীমার মধ্যে বোয়েসেল ব্রীফিং রুমে উপস্থিত হয়ে আইডেন্টিটি চেক করিয়ে পরীক্ষার্থী প্রশিক্ষণ আরম্ভের পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে (১ম সেশন 09:00 , ২য় সেশন 10:30 , ৩য় সেশন 13:00 , ৪র্থ সেশন 14:30টা পর্যন্ত)। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।**

- প্রশ্ন তৈরি, নম্বর বন্টন এবং পাশের মানদন্ড
  - মাল্টিপল চয়েস কোয়েশ্চান (এমসিকিউ)
  - কোন বিরতি ছাড়া রিডিং ও লিসেনিং পার্ট অনুষ্ঠিত হবে
- সকল প্রশ্ন এইচআরডি কোরিয়া প্রকাশিত "ইপিএস টপিক স্ট্যান্ডার্ড টেক্সটবুক" এর ভিত্তিতে অপ্রকাশিত প্রশ্ন ব্যাংক থেকে করা হবে।
- পরীক্ষার দিন যা থাকতে হবে
  - প্রবেশ পত্র
  - মূল পাসপোর্ট

- নিবন্ধনের সময় যে পাসপোর্টটি ব্যবহার করা হয়েছিল সেটি অবশ্যই সাথে থাকতে হবে। ফটোকপি গ্রহনযোগ্য নয়।

১২. **পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর নাম ঘোষণা**

- ঘোষণার তারিখঃ **৮ জুন ২০২৬**
- ঘোষণার পদ্ধতিঃ
  - ইপিএস হোমপেইজ ( www.eps.go.kr )
  - বোয়েসেল হোমপেইজ (www.boesl.gov.bd )এবং বোয়েসেল এর নোটিশ বোর্ডে।
  - ইপিএস টপিক হোমপেইজ (epstopik.hrdkorea.or.kr)
- পরীক্ষার ফলাফলের কার্যকারিতার মেয়াদ: ফলাফল ঘোষণার দিন থেকে ২বছর

১৩। **অন্যান্য গাইডলাইন**

- কোন পরীক্ষার্থী স্বেচ্ছায় কোরিয়া ত্যাগকারী নয় বলে প্রমাণিত হলে তার পরীক্ষার ফলাফল বাতিল বলে ধরে নেয়া হবে এবং এ ব্যাপারে সকল দায়-দ্বায়িত্ব পরীক্ষার্থীর উপর বর্তাবে।
- উত্তীর্ণ ব্যাক্তিদের প্রি-রোস্টার তৈরি, রোস্টের অনুমোদন, চাকরি খোঁজার প্রক্রিয়া ইত্যাদি অতি দ্রুততার সাথে সম্পন্ন হবে এবং কোরিয়া যাওয়ার আগে প্রিলিমিনারি ট্রেইনিং দেয়ার প্রয়োজন হবে না।
- মোবাইল ফোন, ক্যাসেট প্লেয়ার, PDA, MP3, ডিজিটাল অভিধান, ডিজিটাল ঘড়ি, কাগজ, কলম বা পরীক্ষায় অসদুপায়ে ব্যবহৃত হতে পারে এমন দ্রব্য সাথে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না (পরীক্ষা চলাকালে কারো কাছে এ সব দ্রব্য পাওয়া গেলে অসদুপায় অবলম্বনের দায়ে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করা হবে)। **সুতরাং এ সব দ্রব্যসমূহ পরীক্ষার দিন সাথে নিয়ে আসা থেকে বিরত থাকার অনুরোধ রইল।**
- অসদুপায় অবলম্বন করতে গিয়ে ধরা পড়লে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে, এবং পরবর্তী ৪ বছরের জন্য ইপিএস-কেএলটিতে অংশগ্রহণের যোগ্যতা হারাবে।
- নিবন্ধন ফর্মে উল্লেখ করা তথ্যের (বিশেষ করে- নাম, জন্ম তারিখ) সাথে পাসপোর্টের তথ্যের মিল না থাকলে পরীক্ষায় পাশ করলেও পরবর্তীতে কোরিয়ায় প্রবেশ করা যাবে না এবং এ ব্যপারে সকল দায় পরীক্ষার্থীর উপর বর্তাবে।
- অপ্রকাশিত প্রশ্ন ব্যঞ্ক থেকে প্রশ্ন আসবে, এইচআরডি কোরিয়া কর্তৃক প্রকাশিত "দ্য স্ট্যান্ডার্ড টেক্সটবুক ফর ইপিএস-টপিক" এর ভিত্তিতে প্রশ্নপত্র প্রস্তুত করা হবে।

*১৪। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে তালিকায় অন্তর্ভুক্ত কোনো প্রার্থী* নিবন্ধন *সম্পন্ন করতে ব্যর্থ হলে এ বছর আর* নিবন্ধন *করার সুযোগ থাকবে না। এক্ষেত্রে কোনো ধরণের সুপারিশ বা তদবির গ্রহণযোগ্য নয়।*

***১৬। উল্লেখ্য যে, এইচআরডি কোরিয়া থেকে প্রাপ্ত তালিকায় কোনো প্রার্থীর নাম নেই মর্মে নিশ্চিত হলে*** গুগল ডকস লিংক এ https://forms.gle/tAZWErHPTPNKHJ1PA ***চাহিত তথ্য দাখিল*** করার জন্য অনুরোধ করা হলো। তথ্য প্রাপ্তিসাপেক্ষে এইচআরডি কোরিয়া ইপিএস সেন্টার ইন বাংলাদেশ যাচাই করে প্রয়োজনে প্রার্থীর প্রদত্ত ইমেইলে জানানো হবে।

**আদেশক্রমে**
***বোয়েসেল কর্তৃপক্ষ***

# EPS-TOPIK APPLICATION FORM

## Employment Permit System Test of Proficiency in Korean Application Form

※ Please write all the items in English capital letters or numbers and do not fill in the bold line(⑦⑧).

<table>
<tr><td rowspan="2">① Name</td><td colspan="4">□ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □</td></tr>
<tr><td colspan="4">□ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □</td></tr>
<tr><td>② D.O.B</td><td colspan="2">□□ D D □□ M M □□□□ Y Y</td><td>③ Gender</td><td>Male ○ Female○</td></tr>
<tr><td rowspan="2">④ Passport(ID) No.</td><td>Passport ○</td><td colspan="3" rowspan="2">□ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □</td></tr>
<tr><td>ID ○</td></tr>
<tr><td rowspan="6">⑤ Desired Industry</td><td colspan="2">Manufacturing ○</td><td colspan="2">Construction ○</td></tr>
<tr><td colspan="2">Agriculture&Livestock ○</td><td colspan="2">Fishery ○</td></tr>
<tr><td colspan="2">Shipbuilding ○</td><td colspan="2">Service Ⅰ ○</td></tr>
<tr><td colspan="2">Service Ⅱ ○</td><td colspan="2">Forestry ○</td></tr>
<tr><td colspan="2">Mining ○</td><td colspan="2"></td></tr>
<tr><td colspan="4">Mark the job category you wish to apply for, following the instructions on the application form (●)</td></tr>
<tr><td>⑥ Phone No.</td><td colspan="3">□ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □</td><td rowspan="4">⑨ Passport Photo (3.5×4.5㎝)</td></tr>
<tr><td>⑦Application No</td><td colspan="3"></td></tr>
<tr><td colspan="2">⑪ Total duration of stay in the Republic of Korea under the E-9 or E-10 residence status</td><td>more than 5 years(Not accepted) ○</td><td>less than 5 years ○</td></tr>
<tr><td colspan="4">○ I agree to the collection and use of my personal information.<br>○ I agree to the collection and use of my unique identification information. (Passport No.)<br>○ I agree to the provision of my personal information to 3rd parties.</td></tr>
<tr><td colspan="5">Please refer to the details on the back and check the appropriate boxes for your consent.<br><u>By applying for the EPS-TOPIK(Korean Language Proficiency Test), I confirm that the above information is true and correct. I agree to comply with the test regulations set by the Human Resources Development Service of Korea(HRD Korea), and I take full responsibility for any false statements or violations.</u><br>DD MM YY Signature</td></tr>
<tr><td colspan="5">⑩ Copy of Passport(ID)<br><br>Copy of Passport(ID)</td></tr>
<tr><td colspan="5">Dear President of the Human Resources Development Service of Korea</td></tr>
</table>

【Attachment】

# Application for Test fee Exemption and Additional points

☐ **Applicant' s Oath**

I solemnly swear that I will take full legal responsibilities for any falsified documents submitted for registering EPS-TOPIK.

※ If the applicant's document is proven to be falsified, the test result will invalidated and the person will not be able to take any EPS-TOPIK for **4 years**.

☐ **Applicants to fill in**

| | | | |
|---|---|---|---|
| Name | | Registration No. | |
| Date of birth | | Passport No. | |
| Gender | | Contact no. | |

☐ **Additional points and test fee exemption**

※ No need to check and submit any documents if there's none. Each "additional points" cannot be applied in duplicate so the applicants who have a couple of "additional points" should choose only one "additional points(A or B or C)"

| | |
|---|---|
| **A. Resettlement Support Training (Maximum 25 points, test fee exemption )** | |
| **Korean education process** (Maximum 20 points) | • Those who completed a TOPIK Level 3 Course **<Not available for those who completed in 2016>** (○) |
| | • Those who have a certificate of TOPIK Level 3 or higher after the completion of a TOPIK Level 3 Course (○) |
| **Vocational training for employment & Start-up** (Maximum 5 points) | • Those who completed vocational training for employment & Start -up (○) |
| **B. Departure after the seasonal working (10 points)** (○) | |
| **C. As U-turn company worker, people who have TOPIK Level 3 or higher (20 Points)** (○) | |

20___ / ___ / ___ (YYYY/MM/DD)

Name:_________________ **(Signature)**

**President of HRD Korea**

**এইচ.আর.ডি কোরিয়া থেকে প্রাপ্ত কোন্ ছবি সঠিক এবং কোন্ ছবি বাতিল তা নিম্নে উল্লেখ করা হলো:**
**উল্লেখ্য যে,** পাসপোর্ট **সাইজের সদ্যতোলা ছবি অথবা তিন মাসের মধ্যে তোলা ছবি নিবন্ধনের সময় আপলোড করতে হবে।**




| চাহিত পাসপোর্ট কপির নমুনা | ছবির নমুনা |
| --- | --- |
|  |  |